

খেলা

সুলতানপুরে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনালে যৌথ চ্যাম্পিয়ন দুই দল

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ০৫ অক্টোবর ২০২৬, ০৫:৩২ PM



ব্রাহ্মণবাড়িয়ার সুলতানপুরে ইকরামুল হক (রুবেল) চেয়ারম্যান প্রয়াস, মাদক আসক্তদের চিকিৎসা ও পূর্ববাসন কেন্দ্রের সার্বিক আয়োজন ও তত্ত্বাবধানে অনুষ্ঠিত মাদকবিরোধী আন্তঃওয়ার্ড ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনাল খেলা উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়েছে।

রবিবার (৪ অক্টোবর) অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনালে যৌথ চ্যাম্পিয়ন বিজয়ীদের হাতে মোটরসাইকেল, ফ্রিজ ও নগদ ৭০ হাজার টাকা পুরস্কার তুলে দিয়েছেন জেলা বিএনপির নেতৃবৃন্দ।

ফাইনাল খেলায় মুখোমুখি হয় সুলতানপুর মধ্যপাড়া স্পোর্টিং ক্লাব ও জঙ্গল একাদশ। উত্তেজনাপূর্ণ এই খেলায় উভয় দলের অসাধারণ নৈপুণ্যে শেষ পর্যন্ত দুই দলকেই যৌথ চ্যাম্পিয়ন ঘোষণা করা হয়।

খেলা শেষে যৌথ চ্যাম্পিয়ন দুই দলের হাতে মোটরসাইকেল, ফ্রিজ ও নগদ ৭০ হাজার টাকা পুরস্কার তুলে দেওয়া হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক জনাব সিরাজুল ইসলাম সিরাজ।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. আলী আজম, যুগ্ম সাধারণ সম্পাদক মাইনুল হোসেন চপল, সহ দপ্তর সম্পাদক জেলা বি এন পি ও সহ সভাপতি ব্রাহ্মণবাড়িয়া জেলা যুবদল। রাশেদুল হক রাশেদ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পিপি এবং পৌর যুবদলের সদস্যসচিব অ্যাডভোকেট আরিফুল হক (মাসুদ)সহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

আয়োজক ইকরামুল হক (রুবেল) জানান, যুবসমাজকে মাদক থেকে দূরে রেখে খেলাধুলার প্রতি আগ্রহী করে তোলা এবং সামাজিক সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধ জোরদার করাই এ টুর্নামেন্টের মূল উদ্দেশ্য।

স্থানীয়দের মতে, মাদকবিরোধী এ ধরনের ক্রীড়া আয়োজন তরুণ প্রজন্মকে সুস্থ বিনোদনের পাশাপাশি মাদকমুক্ত সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। টুর্নামেন্টের সফল সমাপ্তিতে আয়োজক ও সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন উপস্থিত অতিথিরা।

এ বিভাগের আরও খবর



শ্রীলঙ্কার কাছে হেরে ব্রোঞ্জও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটম দাস। তবে সেই স্বপ্ন জো পূরণ হয়ইনি, এমন...



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হারাল নেপাল
এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হারিয়েছে নেপাল। অক্টোবর জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০৩ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে
চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত খনিরে
আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো প...



নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে
৭১ রানে হারিয়েছে। আগে ব্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/sultanpure-madkbirodhi-futbl-turnamenter-mega-fainale-jouth-chjampijn-dui-dl>